

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২৪৮

মোহনপুর, ২১ ডিসেম্বর, ২০২৪

মোহনপুরে ৩৩ কেভি সাব স্টেশনের শিলান্যাস

প্রধানমন্ত্রী বিদ্যুৎ পরিকাঠামোর উন্নয়নে বিশেষ গুরুত্ব দিয়েছেন : বিদ্যুৎ মন্ত্রী

আধুনিক পৃথিবীতে প্রতি মুহূর্তেই আমাদের বিদ্যুৎ পরিষেবার প্রয়োজন। তাই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিদ্যুৎ পরিকাঠামোর উন্নয়ন ও ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দিতে বিশেষ গুরুত্ব দিয়েছেন। আজ মোহনপুর মহকুমায় মোহনপুর ট্রানজিট ক্যাম্প ও ৩৩ কেভি সাব স্টেশনের শিলান্যাস করে বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। অনুষ্ঠানে বিদ্যুৎমন্ত্রী আরও বলেন, আমাদের রাজ্যে বেশীরভাগ বিদ্যুৎ উৎপাদন হচ্ছে গ্যাসভিত্তিক বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলি থেকে। প্রাকৃতিক গ্যাসের যোগানও এক সময়ে শেষ হয়ে যাবে। তাই বিকল্প শক্তি ব্যবহারের উপর আরও বেশী গুরুত্ব দিতে হবে। বিদ্যুৎ মন্ত্রী বলেন, ট্রানজিট ক্যাম্পটি তৈরী করতে ব্যয় হবে প্রায় দেড় কোটি টাকা।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মোহনপুর পুর পরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ, ভাইস চেয়ারপার্সন শঙ্কর দেব, মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব, সমাজসেবী ধীরেন্দ্র দেবনাথ প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা বিদ্যুৎ নিগমের ট্রান্সমিশন জেনারেল ম্যানেজার রতন দেববর্মা। এই ট্রানজিট ক্যাম্পটি নর্থ ইস্টার্ন রিজিয়ন পাওয়ার সিস্টেম ইম্প্রুভমেন্ট প্রজেক্ট এর অধীনে নির্মাণ করা হচ্ছে।
